



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
উপজেলা সমবায় কার্যালয়  
মোহনপুর, রাজশাহী  
[www.cooperative.mohonpur.rajshahi.gov.bd](http://www.cooperative.mohonpur.rajshahi.gov.bd)

স্মারক নং-৪৭.৬১.৮১৫৩.০০০.৩২.০০৫.২২.২৪

তারিখ: ১৬/০৩/২০২৩ খ্রি.

অফিস আদেশ

সমবায় অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং ৪৭.৬১.০০০০.০৩১.৪২.০০৫.২১.১৫ তারিখ-২৭-০২-২০২৩ খ্রি. এর নির্দেশনা এবং উপজেলা সমবায় কার্যালয়, মোহনপুর, রাজশাহী এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী ও উদ্ভবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এ দপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটিতে প্রতিনিধি মনোনয়ন কার্যক্রমটি সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ (এপিএস) আইডিয়া হিসেবে গ্রহণ করা হয়েছে।

০২। সমবায় সমিতি আইন, ২০০১ এর ১৮(২)(খ) উপ-ধারা অনুযায়ী প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটিতে প্রতিনিধি মনোনয়ন প্রদানে বিদ্যমান ৩৮টি ধাপ এসপিএস এর আওতায় কমিয়ে ১৩ টি ধাপে বর্ণিত সেবা প্রদান করার প্রসেস ম্যাপ প্রস্তুত করা হয়েছে; যার মাধ্যমে সেবা গ্রহিতার TVC কম হবে এবং সেবা প্রাপ্তি সহজ হবে।

০৩। গৃহিত এসপিএস আইডিয়া বাস্তবায়নের লক্ষ্যে আগামী ০৫/০৩/২০২৩ খ্রি. তারিখ হতে প্রাথমিক সমিতি কর্তৃক উপজেলা সমবায় অফিসার এর নিকট দাখিলকৃত ১৮(২)(খ) উপ-ধারা অনুযায়ী প্রতিনিধি মনোনয়ন এর প্রস্তাব সরাসরি জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ করা যাবে। আইডিয়াটি আগামী ০৫/০৩/২০২৩ খ্রি. তারিখ হতে বাস্তবায়ন করা হবে।

*হিফাজু*

১৬/০৩/২০২৩

(মোহাঃ আনিছা দেলোয়ারা আঞ্জু)

উপজেলা সমবায় অফিসার

মোহনপুর, রাজশাহী।

ফোন নং-০২৫৮৮৮৮৬১৫৫

ই-মেইল:uco\_mohonpur@yahoo.com

পত্র নং- ৪৭.৬১.৮১৫৩.০০.৩৪.৩২৫.১৮-২৪/১(২)

তারিখঃ ১৬/০৩/২০২৩ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা সমবায় অফিসার, রাজশাহী।
- ২। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। অফিস নথি।

*হিফাজু*

১৬/০৩/২০২৩

উপজেলা সমবায় অফিসার

মোহনপুর, রাজশাহী।